

নথি নং-০৯.৩১২.০১৯.০১.০০.০২৯.২০০৭/ ৭২৯

তারিখঃ ১৩/০২/২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৭ (১) এর বিধান অনুযায়ী গণ কর্মকর্তা/কর্মচারী বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্তিতে অবসর-উত্তর ছুটিতে গমন করবেন। সে অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাব কাজল কুমার দত্ত এর এসএসসির সনদ অনুযায়ী জন্ম তারিখ ১৫/০২/১৯৫৮ খ্রিষ্টাব্দ হওয়ায় বিধি মোতাবেক তিনি ১৫/০২/২০১৭ তারিখে অবসর-উত্তর ছুটিতে গমন করবেন। অর্থ বিভাগের ০৬/০৪/২০১০ তারিখের ৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ৫৯(উনষাট) বছর পূর্তির দিনটি সংশ্লিষ্ট গণকর্মকর্তা/কর্মচারীগণের অবসর গ্রহণের দিন হিসেবে গণ্য হবে। সে পরিপ্রেক্ষিতে ১৪/০২/২০১৭ তারিখ অকর্ম দিবস (Non-working day) গণ্য করে জনাব কাজল কুমার দত্তকে ১৫/০২/২০১৭ তারিখ হতে তাঁর অবসর উত্তর ছুটি গমনের তারিখ নির্ধারণ করা হলো।


২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটির প্রতিবেদন অনুসারে দেখা যায় তাঁর পূর্ণ গড় বেতনে ০২ বছর ০২ মাস ১৬ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ৫ মাস ১৯ দিন ছুটি পাওনা আছে।

৩। এ প্রেক্ষিতে প্রশাসনিক কর্মকর্তা, জনাব কাজল কুমার দত্তকে ১৫/০২/২০১৭ থেকে ১৪/০২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

৪। বিধি অনুযায়ী তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ নগদায়ন ভাতা (ল্যাম্পগ্র্যান্ট) মঞ্জুরির আদেশ প্রদান করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মাহবুবা আইরিন)

সিনিয়র সহকারী সচিব


ফোনঃ ৯১১৯৭১৯

নথি নং-০৯.৩১২.০১৯.০১.০০.০২৯.২০০৭/ ৭২৯

তারিখঃ ১৩/০২/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। উপ-সচিব, প্রশাসন-৩ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ২। উপ-সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৯। যুগ্ম সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১০। জনাব কাজল কুমার দত্ত, প্রশাসনিক কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১১। ব্যক্তিগত নথি



(মাহবুবা আইরিন)

সিনিয়র সহকারী সচিব